

## প্রেস বিজ্ঞপ্তি

(১) পরিবেশ দূষণের দায়ে ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের ৭ (সাত) টি হাসপাতাল ও ৫ (এক) টি কারখানাকে মোট ৬০ লক্ষ ৭২ হাজার ৬৩০ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ৩০/০১/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অন্তে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ১) শুভেচ্ছা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার, টেংলাবাড়ী, কলেজ রোড (বাইপাস সংলগ্ন), কালিয়াকৈর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ২) আনোয়ার হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, কোনাবাড়ী কেন্দ্রীয় জামে মসজিদ রোড, কোনাবাড়ী, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৩) কোনাবাড়ী সেন্ট্রাল হসপিটাল, সিদ্দিক প্লাজা, বাসস্ট্যান্ড, উত্তরা ব্যাংক সংলগ্ন, কোনাবাড়ী, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৪) কোনাবাড়ী ইবনে সিনা (প্রা:) হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, বাসস্ট্যান্ড, উত্তরা ব্যাংক সংলগ্ন, কোনাবাড়ী, গাজীপুর-কে ৫০ হাজার টাকা, ৫) কোনাবাড়ী ল্যাবএইড হসপিটাল, বাসস্ট্যান্ড, কোনাবাড়ী, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৬) নিউ হোপ সিটি হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সাং-কাজী মার্কেট, রাজবাড়ী রোড, গাজীপুর সদর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৭) নিউ লাইফ হাসপাতাল এন্ড ট্রমা সেন্টার, এ আর প্লাজা, মাছিমপুর, টঙ্কী, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৮) মেসার্স সোনারগাঁও ফেপ্সী প্রিন্টিং এন্ড ডাইং লি:, প্লট# ১৪, লাল মসজিদ রোড, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ৭ লক্ষ ২৮ হাজার ৪১৬ টাকা, ৯) টি.এম ওয়েট এন্ড ডাই প্রসেসিং লি:, সোলারপাড়া, দক্ষিণ সালনা, সালনা বাজার, গাজীপুর -কে ৬ লক্ষ ২০ হাজার টাকা, ১০) টি. এইচ ডাইং, রামারবাগ, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-কে ৬ লক্ষ ৩০ হাজার ২৪০ টাকা ১১) প্যারাগন এগ্রো লি: ও প্যারাগন পোল্ট্রি লি: (কমার্শিয়াল ব্রয়লার প্রজেক্ট), বাউনী, শ্রীপুর, গাজীপুর-কে ৩৫ লক্ষ ৩৯ হাজার ১৪ টাকা এবং ১২) মধুমতি ওয়াশিং, মাজার রোড, উত্তরখান, ঢাকা-কে ৩ লক্ষ ২৪ হাজার ৯৬০ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ৩০/০১/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সৈয়দ আহম্মদ কবীর)

উপপরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)